দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...22 JUN 1989...
পৃষ্ঠা... ...11 কলাম 4...

# বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে

—শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সম্মেলন কক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত এক উচ্চপর্যায়ের সভা অনুষ্ঠিত হয়।

সভায় ভাষণদানকালে শিক্ষামন্ত্রী বলেন, রাষ্ট্রপতি এরশাদ দেশে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের ওপর যে প্রভূত গুরুত্ব আরোপ করেন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এবং আণবিক শক্তি কমিশনকে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের প্রশাসনিক আওতায় ন্যস্ত করার মাধ্যমে তার প্রতিফলন ঘটেছে।

তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে আমাদেরকে অবশ্যই সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে, যাতে স্বল্প সময়ের মধ্যে দেশকে কাঙ্ক্ষিত অগ্রগতির দিকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। তিনি এ লক্ষ্য অর্জনের জন্য বিজ্ঞানী ও কর্মকর্তাদের প্রতি কার্যকর ও ফলপ্রসূ অবদান রাখার আহ্বান জানান।

সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম, এইচ খানের নেতৃত্বে একটি টাস্কফোর্স গঠন করা হয়। এই টাস্কফোর্স রাষ্ট্রপতি এরশাদ ঘোষিত বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে জাতীয় আয়ের ১ দশমিক ১ ভাগ বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা তৈরী করবে। এই টাস্কফোর্সের অন্যান্য সদস্য হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ শমসের আলী, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজির পরিচালক অধ্যাপক নূরুল ইসলাম এবং পরিকল্পনা, অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের একজন করে যুগ্ম সচিব। খবর তথ্য বিবরণীর।